

220469 - যাকে এক বস্তা চাল হাদিয়া দেওয়া হয়েছে সেটা থেকে কি ফিতরা পরিশোধ করা যাবে?

প্রশ্ন

এক লোক আমাকে বড় এক বস্তা চাল হাদিয়া দিয়েছে; যা আমার প্রয়োজনের চেয়ে বেশি। আমি কি সেটা থেকে আমার নিজের ও আমার ছেলেদের ফিতরা পরিশোধ করতে পারব? উল্লেখ্য, আমি নিজ সম্পদ থেকে ফিতরা কেনার সামর্থ্য রাখি।

প্রিয় উত্তর

যে চালের বস্তা আপনি হাদিয়া হিসেবে পেয়েছেন সেটা থেকে আপনার ফিতরা ও আপনার ছেলেদের ফিতরা পরিশোধ করতে কোন অসুবিধা নেই। যেহেতু হাদিয়াগ্রহীতা গৃহীত হাদিয়ার মালিক; তিনি এটাকে যেভাবে ইচ্ছা সেভাবে কাজে লাগাতে পারেন; যেমন- বিক্রি করা, উপহার দেওয়া, সদকা করা ইত্যাদি যে কোনভাবে। ইতিপূর্বে 70272 নং প্রশ্নোত্তরে এ বিষয়টি আলোচিত হয়েছে।

বরং আলেমগণ উল্লেখ করেছেন: যদি কোন গরীব ব্যক্তি ধনীদের থেকে অনেক ফিতরা পায় এবং সেটা তার প্রয়োজন ও তার পোষ্যদের প্রয়োজনের অতিরিক্ত হয় তাহলে সে ব্যক্তি গৃহীত সেসব ফিতরা থেকে ফিতরা পরিশোধ করবে।

শাইখ বিন বায (রহঃ) কে প্রশ্ন করা হয়েছিল: "যে গরীব লোক মানুষের ফিতরা গ্রহণ করে তাকে যেটা দেওয়া হয়েছে সেটা থেকে সে কি নিজের ফিতরা পরিশোধ করতে পারবে? নাকি সেটা জায়েয হবে না?"

জবাবে তিনি বলেন: হ্যাঁ। সে ফিতরা পরিশোধ করবে। যদি ঈদের আগে তার কাছে দানটা পৌঁছে তাহলে সে পরিশোধ করবে। আর যদি তার কাছে ঈদের পরে পৌঁছে তাহলে তার উপর কোন কিছু আবশ্যিক নয়; যদি সে এমন গরীব হয় যে, ঈদের রাতে তার কাছে কোন কিছু না থাকে। তীব্র অভাবের কারণে তার কাছে এমন এক স্বা খাদ্য নাই যা দিয়ে সে নিজের ফিতরা আদায় করবে। কিংবা এর চেয়ে বেশিও নাই যা দিয়ে সে নিজের ও পরিবারের সদস্যদের ফিতরা আদায় করবে...। সেক্ষেত্রে তার উপর কোন কিছু আবশ্যিক নয়। কিন্তু সে যদি এতটুকু সচ্ছল হয় যে, সে নিজের পক্ষ থেকে এক স্বা খাদ্য এবং পরিবারের সদস্যদের পক্ষ থেকে কয়েক স্বা খাদ্য পরিশোধ করতে সক্ষম... তাহলে সে ঈদের দিন ও রাতের প্রয়োজনীয় খাদ্য রেখে বাকীটুকু তার নিজের ফিতরা ও পরিবারের সদস্যদের ফিতরা হিসেবে পরিশোধ করবে।"[ফাতাওয়া নুরুন আলাদ দারব (১৫/২৯১) থেকে সমাপ্ত]

আল্লাহ্ই সর্বজ্ঞ।